সীমিত

নৌবাহিনী সদর দপ্তর
পার্সোনেল শাখা
কল্যাণ পরিদপ্তর
বনানী, ঢাকা ১২১৩
দূরালাপনীঃ ৯৮৩৬১৪১-৯/২২২০
E-mail: dwel @ navy.mil.bd

২২ জ্যৈষ্ঠ ১৪৩২

২৩.০২.২৬২৬.১৪২.১৪.১৭৩.২৫. ৭০৫ — ০৪ জুন ২০২৫

**বিএন কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লিঃ সাভার আবাসন প্রকল্পে অফিসারদের (কর্মরত/অবসরপ্রাপ্ত) ৩.০ কাঠার প্লট বরাদ্দের নিমিত্তে সদস্যপদ ও প্লট বরাদ্দের জন্য আবেদন প্রসঙ্গে**

সূত্রঃ

ক। নৌ প্রধানের সচিবালয় পত্র নং ২৩.০২.২৬২৬.১০০.০৬.০১৩.২৪.১৮২৪ তারিখ ০৮ ডিসেম্বর ২০২৪ (সকলকে নয়)।

খ। নৌ প্রধানের সচিবালয় পত্র নং ২৩.০২.২৬২৬.১০০.০৬.০১০.২৫.৬১৬ তারিখ ২৮ এপ্রিল ২০২৫ (সকলকে নয়)।

১। নৌ সদর কর্তৃক বিএন কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লিঃ সাভার আবাসন প্রকল্পে উন্নয়ন ফি'সহ প্রতিকাঠা জমির মূল্য টাকা ৮,০০,০০০/০০ ( টাকা আট লক্ষ মাত্র) হিসেবে ৩ কাঠা জমির মূল্য ২৪,০০,০০০/০০ (টাকা চব্বিশ লক্ষ মাত্র) নির্ধারিত হয়েছে (সূত্র ক)। উক্ত প্রকল্পে কিছু সংখ্যক প্লট অফিসারদের (কর্মরত ও অবসরপ্রাপ্ত) মাঝে বরাদ্দ প্রদান করা হবে বিধায় সদস্যপদ ও প্লট গ্রহণে আগ্রহী অফিসারদের (কর্মরত ও অবসরপ্রাপ্ত) আবেদনপত্র আহবান করা যাচ্ছে (সূত্র খ)। বিএনসিএইচএসএল এর নীতিমালা অনুযায়ী প্লট বরাদ্দের জন্য নৌবাহিনীতে কর্মরত কর্মকর্তাদের মধ্যে যাদের বয়স ন্যূনতম ৩৮ বৎসর হয়েছে এবং অবসরপ্রাপ্ত কর্মকর্তাগণ যারা স্ব-স্ব পদবীতে চাকুরীর মেয়াদ সম্পন্ন করেছেন তারা প্লট বরাদ্দের আবেদন করতে পারবেন। এতদব্যতিত নাবিক হতে পদোন্নতিপ্রাপ্ত অবসরপ্রাপ্ত কর্মকর্তাদের মধ্যে যারা ন্যূনতম ১০ বৎসর কমিশন চাকুরী অথবা সর্বমোট ২৮ বৎসর চাকুরীকাল সম্পন্ন করে অবসর গ্রহণ করেছেন সে সকল কর্মরত/অবসরপ্রাপ্ত কর্মকর্তাগণ সংশ্লিষ্ট ফরম পূরণ করতঃ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে পারবেন।

২। সদস্য পদের জন্য ফি বাবদ টাকা ৫০০/০০ (টাকা পাঁচ শত মাত্র) বিএনসিএইচএসএল তহবিল, সোনালী ব্যাংক, নৌসদর শাখা এর অনুকূলে একটি ব্যাংক ড্রাফট প্রেরণ করতে হবে। প্লট বরাদ্দের আবেদনপত্র, সদস্যপদের আবেদনপত্র, অংগীকারনামা, হলফনামা ও আবেদনের যোগ্যতা/অযোগ্যতা সম্পর্কিত তথ্য www.navy.mil.bd ওয়েবসাইটে পাওয়া যাবে। ওয়েবসাইটে প্রদত্ত ফর্ম ও অঙ্গীকারনামা ডাউনলোড করে হলফনামাসহ (২০০ টাকার স্ট্যাম্পে) প্রতিস্বাক্ষর করে জমা দেয়া যাবে।

৩। উপরোক্ত বর্ণনার আলোকে যে সকল কর্মকর্তার বিএনসিএইচএসএল সদস্য নম্বর নেই সে সকল কর্মকর্তাদের নতুনভাবে সদস্য পদের আবেদনসহ প্লট বরাদ্দের আবেদনপত্র সংগ্রহ করতঃ আগামী ০৮ আগস্ট ২০২৫ তারিখের মধ্যে অত্র পরিদপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। এছাড়া বিষয়টি আপনার অঞ্চলের সকল অবসরপ্রাপ্ত কর্মকর্তাগণকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

মোহাম্মদ গোলাম কিবরিয়া
ক্যাপ্টেন বিএন
সদস্য সচিব, বিএনসিএইচএসএল

সংলগ্নী ঃ

| | | | |
|---|---|---|---|
| ১। | প্লট প্রাপ্তির আবেদনপত্র (কর্মকর্তা) | - | ০২ (দুই) পাতা। |
| ২। | সদস্যপদের আবেদন ফরম (কর্মকর্তা) | - | ০১ (এক) পাতা। |
| ৩। | অঙ্গীকারনামা | - | ০১( এক) পাতা। |
| ৪। | হলফনামা (নমুনা) (২০০ টাকার ষ্ট্যাম্পসহ) | - | ০২ (দুই) পাতা। |
| ৫। | আবেদনের যোগ্যতা/অযোগ্যতা সম্পর্কিত তথ্য | - | ০১ (এক) পাতা। |
| ৬। | প্লটের মূল্য ও কিস্তি পরিশোধের প্রক্রিয়া | - | ০১ (এক) পাতা। |